

# জানাতে চাই জানাতে চাই

## সুন্দর কর্মজীবন গঠনের প্রস্তুতি

### ভূমিকা:

বাংলাদেশ একটি তারুণ্য নির্ভর দেশ, যার রয়েছে Demographic Dividend। দক্ষ জনশক্তি গড়ে তুলতে শিক্ষা, প্রশিক্ষণ ও চাহিদা অনুযায়ী পেশাগ্রহণ বিষয়ে তরুণদের জেনে শুনে সিদ্ধান্ত গ্রহণের সুযোগ থাকা আবশ্যিক। দক্ষতা অর্জনদেশে বিদেশে কর্ম প্রাপ্তিতে সহায়ক হয় এবং দক্ষতাবৃদ্ধির সাথে সাথে কর্মের মূল্য ও চাহিদা বাড়তে থাকে। কর্মের ধরণ ও প্রয়োজনীয় দক্ষতার মাপকাঠিও ক্রমান্বয়ে পরিবর্তন হচ্ছে। বর্তমানে আমরা চতুর্থ শিল্প বিপ্লবের (4IR) যুগে রয়েছি যেখানে আমাদের অনেক নতুন দক্ষতা অর্জনের চ্যালেঞ্জ ও দক্ষতা সম্পর্কে জানা এবং প্রয়োজনীয় দক্ষতা অর্জনের জন্য সচেতন/তৎপর থাকতে হবে। নিজ, পরিবার, সমাজ ও দেশের প্রয়োজনে নিয়োজিত প্রতিটি পেশাই সম্মানের। যে পেশায় নিয়োজিত হতে চান বা নিয়োজিত হয়েছেন সে কাজটি সুচারুরূপে করতে পারাই সংশ্লিষ্ট পেশার দক্ষতা এবং যেখান থেকে আসবে নিশ্চিত সম্মান ও আর্থিক স্বচ্ছলতা।

### ১. কর্মক্ষেত্র হিসাবে বেছে নেওয়ার সুযোগসমূহ:

- আই.সি.টি.সেক্টর;
- শিল্প: (কুটির, ক্ষুদ্র, মাঝারি ও বৃহৎ শিল্প);
- গার্মেন্টস ও টেক্সটাইল;
- লাইট ইঞ্জিনিয়ারিং;
- অটোমোবাইলস;
- নির্মাণ শিল্প;
- বিভিন্ন ধরণের সার্ভিস (এডমিন, একাউন্টিং, CareWorkers ইত্যাদি);
- Business Process outsourcing (BPO);
- Freelancing;
- ইলেকট্রনিক শিল্প;
- প্লাস্টিক শিল্প;
- অপ্রাতিষ্ঠানিক খাত;
- বিদ্যুৎ ও জ্বালানি;
- কেমিক্যাল ও লাইফ সায়েন্স;
- ডিজাইন ও মিডিয়া (AR/VR/MR/Netflix);
- বিশেষায়িত উৎপাদন ও সেবা খাত (মেগাপ্রজেক্ট/পোর্ট);
- কৃষি ও কৃষি পন্য (কৃষি, মৎস্য, প্রাণিসম্পদ);
- Facility Management.
- সরকারি চাকুরী,
- সশস্ত্র বাহিনীতে চাকুরী,
- বেসরকারি চাকুরী,
- NGO এবং আন্তর্জাতিক সংস্থায় চাকুরী
- বেসরকারিস্কুল/কলেজ ও ইংলিশ মিডিয়াম স্কুলে শিক্ষকতা।

### ২. কর্মউপযোগী একজন যুবক পেশা হিসাবে বেছে নিতে পারে:

- ক্ষুদ্রব্যবসা/উদ্যোক্তা;
- দক্ষকর্মী হিসেবে বিদেশে যাওয়া;
- বিদেশে পড়াশুনা করে কর্মসংস্থান লাভ;
- সরকারি/বেসরকারি/NGO/বেদেশিক সংস্থাতে চাকুরী
- দক্ষকর্মী/টেকনিশিয়ান:দক্ষ কর্মী বা টেকনিশিয়ান হয়ে উদ্যোক্তা বা বিভিন্ন সরকারি/বেসরকারি প্রতিষ্ঠান/ সংস্থায় চাকুরী।
- সশস্ত্র বাহিনীতে কমিশন/নন কমিশন অফিসার ও সৈনিক পদমর্যাদার চাকুরী।

### ৩. দেশ/বিদেশে যে কোন পেশা গ্রহণের জন্য সকল তরুণদের কিছু মৌলিক /Basic দক্ষতা/skills অর্জন করা আবশ্যিক:

- মাতৃভাষা ও সহায়ক অন্যান্য একটি ভাষা জ্ঞান অর্জন।
- ICT/কম্পিউটার বিষয়ক জ্ঞান ও দক্ষতা।
- Numeracy (গাণিতিক) দক্ষতা অর্জন।

### ৪. দক্ষতা অর্জনের জন্য যোগাযোগের স্থানসমূহ:

NSDA, DTE, BMET, যুব উন্নয়ন অধিদপ্তর, মহিলা বিষয়ক অধিদপ্তর, বিসিসি, BITAC, SCITI, TICI, বাংলাদেশ পর্যটন কর্পোরেশন, হাইটেক পার্ক অথরিটি, BGMEA, BKMEA, FBCCI, BCI, BASIS, BACCO, কারিগরী শিক্ষা বোর্ড, বাংলাদেশ লাইট ইঞ্জিনিয়ারিং এসোসিয়েশন, প্লাস্টিক এসোসিয়েশন, SME ফাউন্ডেশন, অটোমোবাইল এসোসিয়েশন, ICMAB, ACCA, REHAB, চট্টগ্রাম, BKTTTC, BGTTTC, NSDA নিবন্ধিত দক্ষতা প্রশিক্ষণ প্রদান প্রতিষ্ঠানসমূহ।

### ৫. পছন্দ অনুযায়ী কর্মপ্রাপ্তিতে করণীয়/সম্ভাব্য প্রস্তুতি:

কর্মসংস্থানের জন্য উপযুক্ত হিসাবে পেশা নির্বাচন একটি সহজ বিষয় নয় তবে এটি ভাগ্য নির্ভরও নয়। কর্মসংস্থান ও পেশা নির্বাচনে পরিবার, সমাজ, বিভিন্ন সরকারি-বেসরকারি কর্তৃপক্ষ/এসোসিয়েশন ও রাষ্ট্রের ভূমিকা রয়েছে। সকল দিক বিবেচনায় নিয়ে একজন যুবককে তার সামর্থ্য ও সুযোগ বিবেচনায় নিতে হবে। পছন্দের পেশার নিয়োগ কর্তা কে, সংশ্লিষ্ট পদে নিয়োগের জন্য কি ধরণের নির্বাচনী প্রক্রিয়ার মধ্য দিয়ে যেতে হয়, সে সম্পর্কে জেনে প্রয়োজনীয় প্রস্তুতি নিতে হবে। যে কোন পেশা গ্রহণের পূর্বে সংশ্লিষ্ট পেশার কাজের পূর্ব অভিজ্ঞতা অর্জন/Internship/Apprenticeship করতে চেষ্টা করতে হবে। মূল কর্মজীবনে প্রবেশের পূর্বে অবশ্যই যে কোন একটি কাজের অভিজ্ঞতা অর্জন করতে হবে। যেকোন কাজে সফল না হলে হতাশাগ্রস্ত না হয়ে নিজের ওপর বিশ্বাস রেখে প্রচেষ্টা অব্যাহত রাখতে হবে।



LEAD BANGLADESH FOUNDATION

কাজ করি দেশ গড়ি...

বাড়ি # ১১, রোড # ১/এ  
সেটর # ১০, উত্তরা, ঢাকা-১২৩০  
www.leadbangladeshfoundation.com